

৩০

পদত্যাগে বাধ্য হলেন মাতাবিপ্রবি'র ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

মাওলানা জাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (মাতাবিপ্রবি) ভিসি প্রফেসর মোঃ খলিলুর রহমান গতকাল (সোমবার) পদত্যাগ করেছেন। ব্যক্তিগত কারণ দেখিয়ে পদত্যাগ করলেও ব্যাপক দুর্নীতি ও অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে পদত্যাগে বাধ্য হয়েছেন বলে জানা গেছে। প্রফেসর খলিলুর অন্তিম চূড়ান্ত পর্যায়ে পৌঁছলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা বেশ কিছুদিন ধরে কর্মবিরতি দিয়ে আন্দোলন করে আসছিলেন। জানা যায়, তার বিরুদ্ধে আনীত অভিযোগগুলো বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং দুর্নীতি দমন কমিশন খতিয়ে সেখণ্ডে। প্রফেসর খলিলুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় হসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ থেকে ডেপুটেশনে ভিসি হিসেবে মাতাবিপ্রবিতে যোগদান করেন। তার ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগদানের ব্যাপারেও সংশ্লিষ্ট বিভাগের শিক্ষকরা বিরোধিতা তরু করেছেন। তবে প্রায় হসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান প্রফেসর শায়লা নূর ইসলাম বলেন, ডেপুটেশনে থাকা একজন শিক্ষক সাধারণত আগের হারগার চিত্রে আসেন। প্রফেসর খলিলুর রহমানও সেভাবে আসতে পারেন। তবে রাষ্ট্রের পক্ষ থেকে কোন বিধিনিষেধ থাকলে অন্যরকম।